

# 💵 সুনান আবূ দাউদ (তাহকিককৃত)

হাদিস নাম্বারঃ ৪২১

২/ সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ৭. 'ইশার সালাতের ওয়াক্ত

باب فِي وَقْتِ الْعِشَاءِ الآخِرَةِ

### আরবী

حَدَّثَنَا عَمْرُو بْنُ عُثْمَانَ الْحِمْصِيُّ، حَدَّثَنَا أَبِي، حَدَّثَنَا حَرِينٌ، عَنْ رَاشِدِ بْنِ سَعْد، عَنْ عَاصِمِ بْنِ حُمَيْدِ السَّكُونِيِّ، أَنَّهُ سَمِعَ مُعَاذَ بْنَ جَبَل، يَقُولُ: ارْتَقَبْنَا النَّبِيَّ صلى الله عليه وسلم فِي صَلَاةِ الْعَتَمَةِ فَأَخَّرَ حَتَّى ظَنَّ الظَّانُ أَنَّهُ لَيْسَ بِخَارِج، وَالْقَائِلُ مِنَّا يَقُولُ: صَلَّى فَإِنَّا لَكَذَلِكَ حَتَّى خَرَجَ النَّبِيُّ صلى الله عليه وسلم فَقَالُوا لَهُ كَمَا قَالُوا: فَقَالَ لَهُمْ الْعَبْمُوا بِهَذِهِ الصَّلَاةِ فَإِنَّكُمْ قَدْ فُصِلِّلْتُمْ بِهَا عَلَى سَائِرِ الأُمَم وَلَمْ تُصَلِّهَا أُمَّةٌ قَبْلَكُمْ ".

\_ صحیح

#### বাংলা

8২১। 'আসিম ইবনু হুমাইদ আস-সুকুনী (রহঃ) সূত্রে বর্ণিত। তিনি মু'আয ইবনু জাবাল (রাঃ)-কে বলতে শুনেছেন, আমরা 'ইশার সালাতের জন্য নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর প্রতীক্ষায় ছিলাম। তিনি আসতে এতটা বিলম্ব করলেন যে, কেউ কেউ ধারণা করল, হয়তো তিনি বের হবেন না। আবার কেউ এরূপ মন্তব্য করল যে, হয়তো তিনি (ঘরে) সালাত আদায় করে ফেলেছেন। আমাদের এসব আলোচনার এক পর্যায়ে নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বের হয়ে এলেন। অতঃপর লোকেরা যা কিছু বলাবলি করছিল, তা তাঁকেও বলল। তিনি বললেনঃ তোমরা এই ('ইশার) সালাত বিলম্বে আদায় করবে। কারণ এ সালাতের মাধ্যমে অন্য সকল জাতির উপর তোমাদেরকে মর্যাদা দান করা হয়েছে। তোমাদের পূর্বে কোন জাতি এ সালাত আদায় করেনি।[1]

সহীহ।

## **English**

Narrated Mu'adh ibn Jabal:



We waited for the Prophet (ﷺ) to offer the night prayer. He delayed until people thought that he would not come out and some of us said that he had offered the prayer. At the moment when we were in this condition the Prophet (ﷺ) came out. People said to him as they were already saying. He said: Observe this prayer when it is dark, for by it you have been made superior to all the peoples, no people having observed it before you.

## ফুটনোট

[1] আহমাদ (৫/২৩৭), বায়হাকী, 'সুনানুল কুবরা' (১/৪৫১) জারীর সূত্রে।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ আল্লামা আলবানী একাডেমী 🛘 বর্ণনাকারীঃ আসিম ইবন হুমায়দ (রহঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন